ঝাড়খণ্ডে মাওবাদীদের গুলিতে শহিদ বেলডাঙার জওয়ান

নিজস্ব সংবাদদাতা, বেলডাঙা: ঝাড়খণ্ডে মাওবাদীদের গুলিতে শহিদ হলেন বেলডাঙার মহুলার বাসিন্দা এক সিআরপিএফ জওয়ান। তাঁর নাম নির্মল ঘোষ (৩৫)। বুধবার সকাল ১১টা নাগাদ মহুলার ঘোষপাড়ার বাড়িতে একমাত্র সন্তানের মৃত্যুর খবর আসতেই কান্নায় ভেঙে পড়েন তাঁর বাবা-মা। স্বামীর মৃত্যুর খবর পেয়ে মূর্ছা যাচ্ছেন ছয়মাসের অন্তঃসত্ত্বা স্ত্রীও। বেশ কিছুদিন হল নির্মলবাবু ঝাড়খণ্ডের হাজারিবাগে পোস্টিং ছিলেন। প্রশাসনসূত্রে খবর, বুধবার সকালে সহকর্মীদের সঙ্গে ডিউটি করেছিলেন তিনি। সেসময় তাঁদের লক্ষ্য করে গুলি চালায় মাওবাদীরা। পাল্টা জবাব দেন সিআরপিএফ জওয়ানরা।দু'পক্ষের মধ্যে গুলির লড়াই চলার সময় মাওবাদীদের গুলিতে শহিদ হন নির্মল। সকাল এগারোটা নাগাদ তাঁর স্ত্রী মামণি ঘোষের মোবাইল ফোনে এই খবর পৌঁছাতেই শোকের ছায়া নেমে আসে পরিবারে।

ফোনে আত্মহত্যার লাইভ দেখিয়ে গলায় ফাঁস যুবকের

নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ : প্রেমিকাকে এনড্রয়েড ফোনে আত্মহত্যার লাইভ দেখিয়ে গলায় ফাঁস লাগিয়ে আত্মহত্যা করল। বারুইপুরের পদ্মপুকুরের এক স্কুল ছাত্র। সোনারপুরের শালেপুরের অষ্টম শ্রেণির একছাত্রীর সঙ্গে হোয়াটসঅ্যাপ প্রেমপর্ব ছিল।একাদশ শ্রেণির ছাত্রের।বুধবার সন্ধ্যায় দু'জনের মধ্যে কথাবার্তা চলাকালীন উত্তেজিত হয় ছাত্র। সূত্র জানাচ্ছে, খুব সম্ভব ছাত্রীকে ব্যক্তিগতভাবে দেখা করার জন্য বলছিল। ওই ছাত্রী কোনও কারণে হয়তো রাজি না হওয়ায় ছেলেটি আত্মহত্যার পথ বেছে নেয় সকালে বাড়ির লোকজন বন্ধুদের মারফৎ খবর পেয়ে দরজা ভেঙে মৃতদেহ দেখতে পায়। পুলিশে অভিযোগ জানানোর চিন্তা ভাবনা করছে ছেলেটির পরিবার।

সুডোকু মেলাও — বুদ্ধি বাড়াও

9								
1	4			9	2			
		6		5	7	9		4
8				4	5		3	2
		4				7		
5	6		2	7				9
6		1	9	2		3		
			7	6			1	5
								8

গতকালের সমাধান

2	8	6	9	1	5	7	4	3
3	9	5	2	7	4	1	8	6
7	1	4	6	8	3	2	9	5
4	2	3	1	6	8	5	7	9
1	7	9	4	5	2	3	6	8
5	6	8	7	3	9	4	1	2
6	4	2	5	9	7	8	3	1
8	5	1	3	4	6	9	2	7
9	3	7	8	2	1	6	5	4

আবহাওয়া

পূর্বাভাস: শুক্রবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ৩৪ ডিগ্রি ও ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** বৃহস্পতিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ৩১ ডিগ্রি ও ২৬ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৮৪ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৪।৫৭, **সূর্যাস্ত:** ঘ ৬:২৫ **জোয়ার:**সকাল : ৬:৫৭। **ভাঁটা:** দুপুর : ১:৩৫।

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

বিজ্ঞপ্তি

এই পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ওপর বর্তায়না।

-সম্পাদক

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	:	68.7545
INR / 1 Euro	:	80.4771
INR / 100 Jap. YEN	:	62.7100
INR / 1 Pound Sterling	:	91.0722

শেয়ার সূচক

BSE 35,574.55 ▼ (-70.85)
NIFTY 10,749.75 ▼ (-20.15)

শব্দলিপি- ১২৫১



সুপর্ণকান্তি দাশ

পাশাপাশি ঃ ১। গ্রীষ্মকাল ৫। পাখি ৬। কাণ্ডজ্ঞানহীন ৭। জগদীশ্বর ৯। আবরণ ১০। গোপিত নিঃসৃত দ্রব্য ১২। সূর্যতনয় ১৩। কষ্ট দেওয়া

উপরনীচ ঃ ১। নিখুঁত ২। বানেদি মানুষ ৩। সম্পদহানি ৪। প্রতিমা পূজা ৬। পানের ডিবা ৮। ক্রীতদাস ৯। গড়ানে ক্ষেত্র ১১। গাম্ভীর্যহীন

সমাধান ঃ শব্দলিপি - ১২৫০

পাশাপাশি ঃ ১। অঞ্চলের বিধি ৪। উপাদ্রি ৫। রহমত ৭। কলাপ ৮। সঙ্গীব ১০। হকিকত ১২। হস্তিকা ১৩। মঙ্গলকামনা

উপরনীচ ঃ ১। অস্থিরপক্ষক ২। লেজার ৩। বিকৃত ৪। উদ্রেক ৬। হাসেবাহনা ৯। বাতিকা ১০। হজম ১১। তড়কা

বিজেপির বি-টিম হয়ে কাজ করছে তৃণমূল, বারাসতে এসে বললেন আব্দুল মান্নান

নিজস্ব সংবাদদাতা, বারাসত : বিজেপির বি-টিম হয়ে কাজ করছে রাজ্য তৃণমূল। বৃহস্পতিবার বারাসত আদালতে এসে এমনটাই দাবি করলেন রাজ্য বিধানসভার বিরোধী দলনেতা আব্দুল মান্নান। তিনি বলেন, এরাজ্যের রাজ্য সরকারের সঙ্গে বিজেপির একটা গোপন বোঝাপড়া আছে। ত্রিপুরাতেও দেখা গিয়েছে, কংগ্রেস পদটাকে ভাঙিয়ে নিয়ে তৃণমূল বিজেপিতে পাঠিয়ে দিয়েছে। বাম জামানায় আমাদের কংগ্রেসীদের উপরেও অত্যাচার হয়েছে। কিন্তু তৃণমূলের জমানা সব কিছু ছাপিয়ে গিয়েছে।

গত ২০০৬ সালে ২৫ সেপ্টেম্বর সিঙ্গুরের কৃষিজমি অধিগ্রহণের বিরুদ্ধে আন্দোলন করেছিল কংগ্রেস। সেই সময় দুর্গাপুর হাইওয়ে অবরুদ্ধ করে আন্দোলন চলেছিল। জাতীয় সড়ক অবরুদ্ধ করার অভিযোগে হাইওয়ে অথরিটি কংগ্রেস নেতা আব্দুল মান্নানের বিরুদ্ধে মামলা করেছিল। সেই মামলায় হাজিরা দিতেই এদিন বারাসত আদালতে আসেন কংগ্রেস নেতা আব্দুল মান্নান। তিনি বলেন, মানুষের স্বার্থে সেদিন সিঙ্গুরের কৃষিজমি অধিগ্রহণের বিরুদ্ধে আন্দোলন করেছিলাম। সেই আন্দোলনে মমতা বন্দ্যোপাধ্যায়ও শামিল হয়েছিলেন। হাইওয়েতে সামান্য সমস্যা হলেও হাইওয়ে একেবারে অবরুদ্ধ হয়ে যায়নি। পুলিশের সেটা দেখা উচিত ছিল। তবে আমার বিরুদ্ধে মামলা হয়েছে, জামিন নিয়েছিলাম চন্দনগর আদালত থেকে। বারাসত বিশেষ আদালত হওয়ায় এবার এখানে হাজিরা দিতে আসতে হল। এদিন আব্দুল মান্নান দাবি করেন, রাজ্যে ধর্ম নিরপেক্ষ শক্তি হল বাম ও কংগ্রেস।

এই দুই শক্তি বিজেপির কাছে মাথা নত করেনি। কিন্তু সেই ধর্ম নিরপেক্ষ শক্তিকে শেষ করার চেষ্টায় রয়েছে তৃণমূল। যারফলে, লাভের হচ্ছে বিজেপির। মান্নান বলেন, আমরা ভেবেছিলাম চোর তাড়াব, কিন্তু ঘরে কেউটে নিয়ে চলে এসেছি।

ধর্ষণের ১ বছরের মধ্যে দোষীর ১০ বছরের কারাদণ্ড

নিজস্ব সংবাদদাতা, অশোকনগর : নাবালিকাকে ধর্ষণের এক বছরের মধ্যেই সাজা ঘোষণা করল বারাসত আদালত। বুধবার পাকসো আইনে সাজা ঘোষণা হয় অভিযুক্ত তারক বিশ্বাসের (২২)। ১০ বছরের জেল এবং ১০ হাজার টাকা জরিমানা ও অনাদায়ে আরও এক বছরের জেল ঘোষণা করেন বিচারক দুলালচন্দ্র কর। পাশাপাশি নাবালিকার পরিবারকে সাড়ে চারলাখ টাকা ক্ষতিপূরণ দেওয়ার নির্দেশ দেওয়া হয়।২০১৭ সালের ৫ অক্টোবর ছিল লক্ষ্মীপুজো। বাড়ির লোকেরা ওই নাবালিকাকে চিনি আনতে দোকানে পাঠিয়ে ছিলেন। সে সময় রাস্তা থেকে তাকে নিজের বাড়িতে জোর করে নিয়ে যায় তারক। সেইদিন তারক ধর্ষণ করে এবং পরের দিনও ধর্ষণ করে। ওইদিন রক্তাক্ত অবস্থায় নাবালিকাকে উদ্ধার করেন স্থানীয়রা। ঘটনার কথা জেনে পুলিশের দ্বারস্থ হয় পরিবার।তাদের অভিযোগ, পরপর দু'দিন ধরে শিশুটিকে ধর্ষণ করে অভিযুক্ত তারক বিশ্বাস। প্রথমদিন শিশুটিকে প্রাণনাশের ভয় দেখানো হয়। এর ফলে পরিবারের সদস্যদের সে কিছু জানায়নি। পরেরদিন যৌন নির্যাতনের পর নির্যাতিতা অসুস্থ হয়ে পড়ে। তখনই জানাজানি হয়।২০১৭ সালের ১৫ অক্টোবর অভিযুক্তকে ধরে অশোকনগর থানার পুলিশ। পাকসো ধারায় মামলা রুজু করা হয়। এরপর বুধবার তার সাজা ঘোষণা হয়। তবে এই রায়ে সন্তুষ্ট নয় নির্যাতিতা পরিবার। তারা অভিযুক্তের ফাঁসির আবেদন করেছে।

আন্তর্জাতিক নারী পাচার চক্রের হদিশ, উদ্ধার হাওড়ার কিশোরী

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে তৎপরতায় দেখিয়ে হাওড়া গ্রামীণ পুলিশ বড়সড় সাফল্য পেল। পাচার হওয়া এক কিশোরীকে উদ্ধার করল হাওড়া গ্রামীণ জেলা পুলিশ। উত্তরপ্রদেশের গাজিয়াবাদের নিষিদ্ধপল্লি থেকে উলুবেড়িয়া থানার পুলিশ তাকে উদ্ধার করে। গ্রেফতার করা হয় ১০ জনকে। কিশোরীর সঙ্গে ফেসবুক সূত্রে আলাপ হয় ক্যানিয়েরর বাসিন্দা সরিফুলের। ক্রমে তাদের মধ্যে ঘনিষ্ঠ বাড়তে থাকে। সরিফুলকে বিয়ে করতে বাড়ি থেকে পালিয়ে যায় ওই কিশোরী। যায় ক্যানিয়ের সরিফুলের কাছে। জানা গেছে, সেখানে তাকে গাজিয়াবাদে নিয়ে যাওয়া হয়। মোট দু'মাসে ১২ বার বিক্রি করা হয় কিশোরীকে। কিশোরীর বাবা ৯ মে উলুবেড়িয়া থানায় মেয়ের নিখোঁজ হওয়ার অভিযোগ দায়ের করেন। তদন্ত শুরু করে পুলিশ। তদন্তে নেমে মোবাইলের সূত্র ধরে তামিলনাড়ু থেকে সরিফুলকে গ্রেফতার করে। তল্লাশি চালিয়ে গাজিয়াবাদের নিষিদ্ধ পল্লি থেকে বুধবার কিশোরীকে উদ্ধার করে পুলিশ। তার সঙ্গে উদ্ধার করা হয় ঝাড়খণ্ডের আরও এক কিশোরীকে।

এই পাচারচক্রের মূল পান্ডা সহ ১০ জনকে গ্রেফতার করেছে উলুবেড়িয়া থানার পুলিশ।

পানিহাটির বন্ধ কারখানায় ১১টি কৌটো বোমা উদ্ধার

নিজস্ব সংবাদদাতা, ব্যারাকপুর : পানিহাটিতে বন্ধ ব্যাগ কারখানার পরিত্যক্ত কোয়ার্টারের ভিতরে একটি মন্দির থেকে ১১টি তাজা কৌটো বোমা উদ্ধার করল পুলিশ। বৃহস্পতিবার সকালে এলাকার বাসিন্দারা বোমাগুলি দেখতে পেয়ে খড়দা থানার পুলিশকে খবর দেন। পুলিশ এসে বম্ব স্কোয়াডের সাহায্য নিয়ে বোমাগুলি উদ্ধার করে।

কেন এতগুলি বোমা এখানে মজুত করা হয়েছিল তা খতিয়ে দেখছে পুলিশ। তবে প্রাথমিকভাবে তাদের অনুমান, স্থানীয় দুষ্কৃতীরা বোমাগুলি মজুত করেছিল।

স্থানীয় সূত্রে খবর, বন্ধ কারখানার ভিতরে দুষ্কৃতীদের আনাগোনা দিন দিন বাড়ছে। এই পরিস্থিতিতে এলাকায় অশান্তির আশঙ্কা করছেন স্থানীয়রা। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

জিয়াগঞ্জে দুষ্কৃতীর গুলিতে মাছব্যবসায়ী খুন

নিজস্বসংবাদদাতা, জিয়াগঞ্জ : জিয়াগঞ্জেদুষ্কৃতীদেরগুলিতেমৃত্যুহলএকমাছ ব্যবসায়ীর। তাঁকেলক্ষ্যকরেএলোপাথাড়িগুলিচালানোহয়।ব্যবসায়ীরবুকে ও পেটেদুটিগুলিলাগে।ঘটনাস্থলেমৃত্যুহয়তাঁর।নামহাজরমণ্ডল(৫৫)।বাড়ি জিয়াগঞ্জথানারগোবিন্দপুরে।প্রাথমিকতদন্তেরপরপুলিশেরঅনুমান,জমি সংক্রান্তবিবাদেরজেরেসুপারিকিলারদিয়েওইব্যবসায়ীকেখুনকরাহয়েছে। সম্প্রতিজমিমাফিয়ারদেরসঙ্গেবিবাদেজড়িয়েপড়েছিলেনহারু।বৃহস্পতিবার সকালে মাছের আড়ত থেকে স্কুটিতে বাড়ি ফিরছিলেন। সেই সময়, ঘোষপাড়ায়দুষ্কৃতীরাতাঁকেলক্ষ্যকরেপরপরগুলিচালায়। গুলিকরেবাইকে এলাকা ছেড়ে পালায় দুষ্কৃতীরা। রক্তাক্ত অবস্থায় হারুমণ্ডলকে হাসপাতালে নিয়েযাওয়াহলেতাঁকেমৃতবলেঘোষণাকরাহয়।

মায়াপুরে ইসকনের রথের উদ্বোধন করবেন বিচারপতি সম্বুদ্ধ চক্রবর্তী

নিজস্ব সংবাদদাতা : মায়াপুরে ইসকনের রথের উদ্বোধন করবেন কলকাতা হাইকোর্টের বিচারপতি সম্বুদ্ধ চক্রবর্তী। কলকাতায় সংবাদমাধ্যমকে একথা জানিয়েছে ইসকন মায়াপুরের জনসংযোগ আধিকারিক রসিক গৌরাঙ্গ দাস। তিনি জানান ১৪ জুলাই শনিবার রাজাপুর জগন্নাথ মন্দির থেকে শুরু হবে রথযাত্রা। রথ যাবে চন্দ্রোদয় মন্দিরে, উল্টোরথ ২২ জুলাই, রবিবার রথ পুনরায় ফিরে যাবে রাজাপুরে। এই কদিন চলবে ৫৬ ভোগ, দীপদান, জগন্নাথ অষ্টকম্ পাঠ ও বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান ও সর্বসাধারণের মধ্যে প্রসাদ বিতরণ।

তৃণমূল নেতার তোলাবাজির অভিযোগ

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : আবার তোলাবাজির অভিযোগ উঠল হাওড়ায়। এবার তৃণমূল নেতার বিরুদ্ধে তোলাবাজির অভিযোগ উঠল। শিবপুরের ৩৬ নম্বর ওয়ার্ডে টিএমসি সভাপতি শামিম আহমেদ ওরফে বরে বিরুদ্ধে এই অভিযোগ এক প্রমোটারের। একটি অনুষ্ঠানের জন্য মুক্তার আহমেদ নামে প্রোমোটারের কাছে কুড়ি লক্ষ টাকা দাবি করে বরে। টাকা দিতে অস্বীকার করায় দলবল নিয়ে প্রোমোটার ও তার ভাইদের ওপর হামলা চালায় বরে। ভাঙচুর করে অফিস বলে অভিযোগ। এমনকী একজনকে ছুরি মারা হয়। গোটা ঘটনায় আতঙ্কিত প্রমোটার ও তার পরিবার। শিবপুর থানায় অভিযোগ দায়ের করা হয়েছে। ৩৬ নম্বর ওয়ার্ডের পূরমাতার স্বামী বরে। সে কারণেই তার এত বাড়বাড়ন্ত বলে মনে করেন প্রমোটার মুক্তার আহমেদ। তার বিরুদ্ধে ওঠা অভিযোগ অস্বীকার করেছেন ওই তৃণমূল নেতা বরে। প্রোমোটারের অভিযোগ, কনস্ট্রাকশন করতে গেলে ৩০ শতাংশ টাকা বরেকে দিতে হবে। জোর করে তাকে পার্টনার করতে হবে। না হলে কাজ করতে দেওয়া হবে না। তারপর ওই প্রোমোটার এই কথা না মানলে তার ওপর হামলা চালানো হয় বলে অভিযোগ।

মহম্মদবাজারে যুবতীকে গণধর্ষণের অভিযোগ, গ্রেফতার ৩

নিজস্ব সংবাদদাতা, মহম্মদবাজার : এক যুবতীকে গণধর্ষণের অভিযোগ উঠল মহম্মদবাজার থানার দুবনি গ্রামে। পুলিশ তিন অভিযুক্ত যুবককে গ্রেফতার করেছে। বুধবার বিকেলে একা বাড়ি ফিরছিলেন মহম্মদবাজারের তুম্বনি গ্রামের ওই যুবতী। অভিযোগ, দুবনি গ্রামের জঙ্গলের কাছে তিন যুবক তাঁর পথ আটকায়। তাকে ধর্ষণ করে।রাতেই তিন যুবকের বিরুদ্ধে মহম্মদবাজার থানায় অভিযোগ দায়ের করেন ওই যুবতী। অভিযোগের ভিত্তিতে পুলিশ তাদের গ্রেফতার করে। আজ তাদের সিউড়ি জেলা আদালতে তোলা হবে।

বিয়ের আগেই আত্মহত্যা হবু গৃহবধূর

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : মাত্র দু'মাস আগে রেজিস্ট্রি ম্যারেজ হয়েছিল হাওড়ার লিলুয়ার বাসিন্দা মোমেনা খাতুনের। আনুষ্ঠানিক বিয়ে হওয়ার কথা ছিল কিছুদিনের মধ্যেই। কিন্তু তার আগেই হবু স্বামীর অত্যাচার সহ্য করতে না পেরে নিজের বাড়িতেই গলায় ফাঁস লাগিয়ে আত্মঘাতী হলেন মোমেনা। দিন দুয়েক আগে একটি মোবাইল নিয়ে ফোনে কথা কাটাকাটি হয় মোমেনার সঙ্গে হবু স্বামী শেখ হাফিজুলের। অভিযোগ, সে সময় হাফিজুলের কথাবার্তার চরম অপমানিত হয়েছিলেন মোমেনা। পরদিন মোমেনার বাড়িতে এসে চড়াও হয় হাফিজুল। হবু স্ত্রীকে তার বাবার সামনেই মারধর করে সে। এই ঘটনার মীমংসা করতে মোমেনার পরিবারের লোকজন হাফিজুলের বাড়িতে গেলে সে তখন মোমেনাকে ফের শাসায়। এরপরই বুধবার নিজের বাড়িতেই আত্মঘাতী হন মোমেনা। অভিযুক্ত হাফিজুল ঘটনার পর থেকে পলাতক।

নিবরা সাব ট্রাফিক গার্ড অফিসের উদ্বোধন

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : যানবাহন নিয়ন্ত্রণ ও ট্রাফিক পুলিশকে সুনিয়ন্ত্রিতভাবে পরিচালনা করার জন্য হাওড়ার নিবরা ব্রিজের তলায় নিবরা সাব ট্রাফিক গার্ড অফিসের উদ্বোধন হল। উনপরগনা জাতীয় সড়কসহ ধুলাগড়, ডোমজুড়, রানিহাটি ও বাঁকড়ার যান চলাচল ব্যবস্থাকে আরও ভালভাবে নিয়ন্ত্রণ করার জন্য এই অফিসটি নির্মাণ করা হয়েছে বলে সূত্র মারফৎ জানা গিয়েছে। এই ট্রাফিক গার্ডটি উদ্বোধন করেন রাজ্য মন্ত্রিসভার গুরুত্বপূর্ণ সদস্য রাজীব বন্দ্যোপাধ্যায়। এছাড়াও ওই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এডিজি ট্রাফিক বিবেক সহায়, হাওড়ার পুলিশ কমিশনার তন্ময় রায়চৌধুরি, এসপি হাওড়া গ্রামীণ পুলিশ সৌরভ শর্মা প্রমুখ।

বধূকে গলায় ফাঁস দিয়ে খুন

নিজস্ব সংবাদদাতা, রামপুরহাট : গলায় দড়ির ফাঁস দিয়ে যুবতীকে মেরে ফেলার অভিযোগ উঠল শ্বশুরবাড়ির লোকজনের বিরুদ্ধে। খবর পেয়ে পরিবারের লোকজন মেয়ের শ্বশুরবাড়িতে গেলে তাঁদেরও মারধর করা হয় বলে অভিযোগ। পুলিশ যুবতীর মৃতদেহ উদ্ধার করেছে। তবে এখনও কাউকে গ্রেফতার করা হয়নি বীরভূমের মল্লারপুর থানার সৌজ গ্রামের ঘটনা। ২০১২ সালে সৌজ গ্রামের সুমন মণ্ডলের সঙ্গে বিয়ে হয়েছিল মুরারইয়ের বড়ঞ্জা গ্রামের মউটুসি-র(২৩)। সুমন গৃহশিক্ষকতা করে। তাঁদের দু'বছরের মেয়ে রয়েছে। মউটুসির পরিবারের লোকজনের অভিযোগ, বিয়ের পর থেকে অতিরিক্ত পণের দাবিতে অশান্তি চলত। স্বামী, শ্বশুর ও শাশুড়ি মাঝেমধ্যেই তাঁকে মারধর করত। মউটুসির ভাই শুভ ঘোষের অভিযোগ, বুধবার বিকেলে প্রতিবেশীদের কাছ থেকে ফোনে খবর পেয়ে মা, বাবা ও ভাই সোনানথ ঘোষ সৌজ গ্রামে যায়। তাঁরা সেখানে পৌঁছে জানতে চায় কীভাবে মেয়ের মৃত্যু হল। জিজ্ঞাসা করতেই সুমনের কাকা-জ্যাঠারা মারধর শুরু করে। মৌটুসির বাবা মন্টু ঘোষের হাতে আঘাত লেগেছে। ভাই সোমনাথের চোখের আঘাত গুরুতর বলে জানা গেছে। খবর পেয়ে সন্ধ্যার দিকে মল্লারপুর থানার পুলিশ গিয়ে মউটুসির মৃতদেহ উদ্ধার করে। মন্টু ঘোষ ও সোমনাথের চিকিৎসার করানো হয় মল্লারপুর রুক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে। ঘটনার পর থেকেই পলাতক মউটুসির স্বামী সুমন, শ্বশুর প্রভাত মণ্ডল ও শাশুড়ি অনিতা মণ্ডল। মৌটুসির বাবার বাড়ির লোকজনের বক্তব্য, অভিযুক্তরা গ্রামেই রয়েছে। তবুও পুলিশ কাউকে গ্রেফতার করতে পারেনি।

প্রধানমন্ত্রীর সঙ্গে কথোপকথনের আবহ উলুবেড়িয়ায়

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : কেন্দ্রীয় সরকারের বিভিন্ন জনমুখী প্রকল্পের কথা দূরদর্শনের পর্দায় ১২ জুলাই বৃহস্পতিবার বললেন প্রধানমন্ত্রীর নরেন্দ্র মোদী। তিনি এদিন এক অনুষ্ঠানে সেইসব প্রকল্পের লাভবান মহিলাদের সঙ্গে অন স্ক্রিনে উন্নত প্রযুক্তির মাধ্যমে কথা বললেন। সেই অনুষ্ঠান সরাসরি দেখলেন মহিলারা। হাওড়ার বিবাহ ভবনে সেইসব প্রকল্পের উপকৃত মহিলারা বসে এই অনুষ্ঠান দূরদর্শনের পর্দায় দেখলেন।

এই কার্যক্রমে উপস্থিত ছিলেন হাওড়া বিজেপির গ্রামীণ সভাপতি অনুপম মল্লিক ও সাধারণ সম্পাদক প্রত্যুষ মণ্ডল।

পুলিশের গাড়ির সঙ্গে ধাক্কায় জখম অটোযাত্রী, ক্যানিং হাসপাতালে উত্তেজনা

নিজস্ব সংবাদদাতা, ক্যানিং : পথদুর্ঘটনাকে কেন্দ্র করে উত্তেজনা ছড়াল ক্যানিং মহকুমা হাসপাতাল চত্বরে। পুলিশ ও এলাকার বাসিন্দাদের মধ্যে দীর্ঘক্ষণ বচসা চলে। বুধবার রাতে বাসন্তীর খড়িমাচান এলাকায় পুলিশের গাড়ির সঙ্গে মুখোমুখি সংঘর্ষে এক অটোযাত্রী জখম হন। তাঁকে উদ্ধার করে ক্যানিং মহকুমা হাসপাতালের নিয়ে যাওয়া হয়। সেখানে এলাকার বাসিন্দা এবং অটোর অন্য যাত্রীদের সঙ্গে বচসা বাধে বাসন্তী থানার পুলিশকর্মীদের। দুর্ঘটনায় জখম যুবকের একটি পা গুরুতর ক্ষতিগ্রস্ত হয়। ক্যানিং হাসপাতালে চিকিৎসার পর তাঁকে কলকাতায় স্থানান্তরিত করা হয়। পুলিশের ভূমিকা নিয়ে প্রশ্ন তোলেন এলাকার বাসিন্দারা। প্রত্যক্ষদর্শীদের অভিযোগ, দ্রুত গতিতে পুলিশের গাড়ি এসে যাত্রীবাহী অটোয় ধাক্কা মারে।বিদিও সেই অভিযোগ অস্বীকার করেছে পুলিশ। উল্টে তাদের বক্তব্য, অটোটি গাড়িতে ধাক্কা মেরে পালিয়ে যায়।ঘটনার পর পুলিশ হাসপাতালের এসে ক্ষোভের মুখে পড়ে। অভিযোগ, চাপে পড়ে ৫০০ টাকা দিয়ে পালিয়ে যাচ্ছিল পুলিশ। কিন্তু, এলাকার বাসিন্দাদের চাপে পড়ে পুলিশ ওই আহত ব্যক্তির সঙ্গে কলকাতার হাসপাতালে যেতে বাধ্য হয়।

CHANGE OF NAME

I, **DURJAN PRASAD**, S/O-**LATE SUKRAN CHAMAR**, R/O-**APSARA APARTMENT**, A-3/7, 3RD FLOOR, SANTOSHPUR GOVT. COLONY, BLOCK-A, P.S.-MAHESHTALA, KOLKATA-700142, W.B. EMPLOYEE OF KOLKATA PORT TRUST OF 15, STRAND ROAD KOLKATA-1, **EMP NO-47493** DECLARE THAT MY ACTUAL AND CORRECT NAME IS **DURJAN PRASAD**, S/O-**LATE SUKRAN CHAMAR**, BUT MY PAN CARD AND AADHAAR CARD MY NAME HAS BEEN RECORDED AS **DURJAN CHAMAR**, S/O-**SUKRAN CHAMAR**. VIDE AN AFFIDAVIT LD. METROPOLITAN MAGISTRATE 1ST CLASS KOLKATA 700142 ON 10.07.2018 BOTH **DURJAN PRASAD** AND **DURJAN CHAMAR** ARE SAME PERSON AND NOT TWO DIFFERENT PERSONS.

CHANGE OF NAME

I, AZIBAR GAIN SON OF LATE HERMOT GAYEN RESIDENT OF GOKULPUR, PO-GOKULPUR, PS- SWARUPNAGAR, 24 PGS NORTH, PIN-743286, W.B., SHALL HENCEFORTH BE KNOWN AS "AJIBAR GAYEN" VIDE AN AFFIDAVIT BEFORE THE NOTARY PUBLIC KOLKATA ON 12/07/2018.

CHANGE OF NAME

I, ABDUL GAFFAR JIABU SHAIK SON OF LATE JIABU HAROON SHAIKH RESIDENT OF BARULIA, PO- JOYPUR, PS- MONGOLKOT, PURBA BURDWAN, PIN-713128, SHALL HENCEFORTH BE KNOWN AS "ABDUL GAFFAR JIABU SHAIKH" VIDE AN AFFIDAVIT BEFORE THE NOTARY PUBLIC KOLKATA ON 12/07/2018.